71

দৈনিক বাংলা

তারিখ ... 10 SEP 1994 ...
পৃষ্ঠা ১ কলাম ৬ ...

# ঢাকা ভার্সিটি মাস্টার্স কোর্সে জানুয়ারীতে ভর্তি ঃ ভিসি

রুহুল গনি জ্যোতি ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজ উদ্দীন আহমেদ শুক্রবার দৈনিক বাংলাকে জানিয়েছেন, এ বছর মাষ্টার্স প্রিলিমিনারী ক্লাসে ভর্তি প্রক্রিয়া আগামী জানুয়ারী মাস থেকে শুরু হবে।

তিনি বলেন, সেশন জট ও অতিরিক্ত ছাত্রছাত্রীর চাপে ঢাকা বিশ্ববিদ্যালয় নানা সমস্যায় জর্জরিত। কিন্তু দেশের সামগ্রিক পরিস্থিতি বিবেচনা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মাষ্টার্স প্রিলিমিনারী কোর্সটি চালু রাখবে।

ভাইস চ্যান্সেলর বলেন মাষ্টার্স প্রিলিমিনারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যেরই একটি অংশ। হাজারো সমস্যা সত্ত্বেও এটি বিশ্ববিদ্যালয় থেকে একবারে তুলে দেয়া যাবে না। ধীরে ধীরে এই

(৪–এর পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি মাস্টার্স

(প্রথম পৃষ্ঠার পর)

ব্যাপারে সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের সমস্যার দিকটি চিন্তা করে এ বছর মাষ্টার্স প্রিলিমিনারী ক্লাসের সিট সংখ্যা প্রতিটি বিভাগেই কিছু কিছু করে কমানো হবে।

এদিকে শিক্ষা মন্ত্রণালয় জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রী পাস করা ছাত্রছাত্রীদের মাষ্টার্স ক্লাসে ভর্তি ব্যাপারে কলেজগুলোর উন্নয়ন সংক্রান্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের একটি প্রস্তাব বর্তমানে গুরুত্বের সাথে বিবেচনা করছে। একই সাথে মন্ত্রণালয় বিশ্ববিদ্যালয়গুলোর মাষ্টার্স প্রিলিমিনারী কোর্সটি চালু রাখার ব্যাপারেও উদ্যোগ নিয়েছে। এই ব্যাপারে শিক্ষা সচিব ইরশাদুল হকের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, শিক্ষা মন্ত্রণালয় ছাত্রছাত্রীদের মাষ্টার্স ক্লাসে ভর্তি সমস্যা সমাধানের লক্ষ্যে এ মাসেই বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষের সাথে বৈঠকে বসবেন।

শিক্ষামন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানিয়েছেন, মন্ত্রণালয়বিশ্ববিদ্যালয়গুলোতে মাষ্টার্স প্রিলিমিনারী কোর্সটি চালু রাখার ব্যাপারে সাধ্যমত চেষ্টা অব্যাহত রেখেছে। প্রয়োজনে অন্তত দু' এক বছর যাতে কোর্সটি চালু রাখা যায় সে চেষ্টাও করা হবে। পাশাপাশি কলেজগুলোর মান-উন্নয়নের জন্যও উদ্যোগ গ্রহণ করা হবে বলে তিনি জানান।

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের অনুরোধেই গত বছর বিশ্ববিদ্যালয়গুলো মাষ্টার্স প্রিলিমিনারী ক্লাসে ছাত্রছাত্রী ভর্তি করেছিল।